

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬৫

পর্ব-১: ঈমান (বিশ্বাস) (كتاب الإيمان)

পরিচ্ছেদঃ ২. প্রথম অনুচ্ছেদ - সন্দেহ-সংশয়, কুমন্ত্রণা

بَابُ الْوَسْوَسَةِ

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: يَأْتِي الشَّيْطَانُ أَحَدَكُمْ فَيَقُولُ: مَنْ خَلَقَ كَذَا؟ مَنْ خَلَقَ كَذَا؟ حَتَّى يَقُولَ: مَنْ خَلَقَ رَبَّكَ؟ فَإِذَا بَلَغَهُ فَلْيَسْتَعِذْ بِاللَّهِ وَلْيَنْتَهِ

বাংলা

৬৫-[৩] উক্ত রাবী [আবৃ হুরায়রাহ্ (রাঃ)] হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ শায়ত্বন (শয়তান) তোমাদের মধ্যে কারো কারো নিকটে আসে এবং (বিভিন্ন ব্যাপারে) প্রশ্ন করে, এটা কে সৃষ্টি করেছে? ঐটা কে সৃষ্টি করেছে? এমনকি অবশেষে এটাও বলে বসে যে, তোমার রবকে কে সৃষ্টি করেছে? শায়ত্বন (শয়তান) যখন এ পর্যায়ে পৌঁছে, তখন তার উচিত আল্লাহর নিকট আশ্রয় প্রার্থনা করা যাতে সে এ ধারণা পর্যন্তই সীমাবদ্ধ থাকে। (বুখারী, মুসলিম)[1]

English

Chapter: Evil Promptings - Section 1

Abu Huraira also reported God's messenger as saying, "The devil comes to one of you saying, 'Who created this? Who created that?' even saying, 'Who created your Lord?' "When he gets that length the man should seek refuge in God and stop thinking about it."

(Bukhari and Muslim.)

ফুটনোট

[1] সহীহ : বুখারী ৩২৭৬, মুসলিম ১৩৪, সহীহাহ্ ১১৭, সহীহ আল জামি' ৭৯৯৩, সহীহ আত্ তারগীব ১৬১৩।



ব্যাখ্যা

व्याच्या: (إِذَا بَلَغَهُ) অর্থাৎ- যখন তোমাদের কারো হৃদয়ে এমন কথা জাগবে যে, তোমার রবকে কে সৃষ্টি করেছে? (فَلْيَسْتَعِذْ بِاللهِ مِنَ) তখন সে যেন আল্লাহর নিকট আশ্রয় প্রার্থনা করে, অর্থাৎ- মুখে সে (الشَّيْطَانِ الرَّجِيْمِ) উচ্চারণ করবে। তার হৃদয়ে এমন খারাপ কথার উদ্ভব ঘটিয়েছে যার চাইতে আর কোন খারাপ কথা নেই। কেননা মহান আল্লাহ বলেছেন, "আর যদি উদ্বুদ্ধ করে তোমাকে শায়ত্বনের (শয়তানের) ধোঁকা তাহলে আল্লাহর নিকট আশ্রয় প্রার্থনা কর। অবশ্যই তিনি সব কিছু শুনেন সব কিছু জানেন"- (সূরাহ্ আল আ'রাফ ৭: ১৯৯)।

(وَلْيَنْتَهِ) আর সে যেন তা থেকে বিরত থাকে। অর্থাৎ- সে যেন অন্য চিন্তা ও কাজে ব্যাস্ত হয় এবং ঐ অবস্থা থেকে মুখ ফিরিয়ে নেয়। আর এরূপ কার্য দ্বারাই তার ওয়াস্ওয়াসাহ্ বিদূরিত হবে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন